

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ শিশু একাডেমি
বগুড়া

একই স্মারকে ও তারিখে প্রতিস্থাপিত

শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা

Email:bsabogra@gmail.com

স্মারক নং-শদি-১-বাশিএ/জেশা/বগ/২০০৯-২৪/১১

তারিখ: ১৫ ফেব্রুয়ারি ২০২৪

বিষয় : মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উপলক্ষে শিশুদের কবিতা আবৃত্তি, সুন্দর হাতের লেখা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে জেলা প্রশাসন ও বাংলাদেশ শিশু একাডেমি, বগুড়ার উদ্যোগে বগুড়া জেলা পরিষদ ভবনস্থ বাংলাদেশ শিশু একাডেমি, বগুড়া কার্যালয়ে শিশুদের কবিতা আবৃত্তি, সুন্দর হাতের লেখা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং প্রতিযোগিতা শেষে বগুড়া জেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

প্রতিযোগিতা নিম্নের সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে :

ক্র.নং	প্রতিযোগিতার নাম	শ্রেণি / বিভাগ	মাধ্যম/ বিষয়	তারিখ ও সময়
১.	কবিতা আবৃত্তি প্রতিযোগিতা	ক- বিভাগ(প্লে - ৩য় শ্রেণি) খ-বিভাগ(৪র্থ - ৭ম শ্রেণি) গ-বিভাগ(৮ম - ১০ম শ্রেণি)	একুশ --কবি আমীরুল ইসলাম মিথ্যেবাদী খোকা --কবি লুৎফর রহমান রিটন একুশের কবিতা -কবি নির্মলেন্দু গুণ	২০.২.২০২৪ বিকাল-৩.৩০টা
২.	সুন্দর হাতের লেখা প্রতিযোগিতা	ক বিভাগ(৩য় শ্রেণি পর্যন্ত) খ বিভাগ(৪র্থ-৭ম শ্রেণি)	-----	২০.০২.২০২৪ বিকাল-৫টা
৩.	চিত্রাঙ্কন প্রতিযোগিতা	ক-বিভাগ (শিশু - ১ম শ্রেণি) খ-বিভাগ (২য় - ৪র্থ শ্রেণি) গ-বিভাগ (৫ম - ৭ম শ্রেণি) ঘ-বিভাগ(৮ম - ১০ম শ্রেণি) ঙ-বুদ্ধি প্রতিবন্ধি শিশুদের জন্য-(১ম-১০ম শ্রেণি পর্যন্ত)	উন্মুক্ত (জল রং/প্যাস্টেল রং) শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পন(জল/প্যাস্টেল রং) প্রভাত ফেরী(জল রং/প্যাস্টেল রং) ভাষা আন্দোলন(জল রং/প্যাস্টেল রং) উন্মুক্ত(জল রং/প্যাস্টেল রং)	২১.২.২০২৪ সকাল-১১.৩০টা
২১.০২.২০২৪ তারিখে প্রতিযোগিতা শেষে আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান স্থান : জেলা পরিষদ মিলনায়তন, বগুড়া।				

কবিতা আবৃত্তি প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আগামী ২০.০২.২০২৪ তারিখ বেলা-১২টার মধ্যে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন সরাসরি অথবা bsabogra@gmail.com ই-মেইলে করা যাবে। রেজিস্ট্রেশন করার সময় প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় সরাসরি অংশগ্রহণ করা যাবে। সুন্দর হাতের লেখার জন্য বল পয়েন্ট কলম ও বোর্ড সঙ্গে আনতে হবে।

উক্ত প্রতিযোগিতাসহ গৃহিত সকল কর্মসূচিতে আপনার প্রতিষ্ঠানের/সংগঠনের শিশুরা যাতে অংশগ্রহণ করতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

সংযুক্ত : কবিতা- ১ কপি।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক/পরিচালক/সভাপতি/সাধারণ সম্পাদক/

..... বগুড়া।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।


২. জেলা প্রশাসক, বগুড়া।

৩. পুলিশ সুপার, বগুড়া।

৪. অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), বগুড়া।

৫. জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া(সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৬. অফিস কপি।

 ১৫.২.২৪
শাহ মোঃ ইসাহাক আলী
জেলা শিশু বিষয়ক কর্মকর্তা
বগুড়া

